গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠেয় নভেম্বর, ২০২৩-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৯ নভেম্বর ২০২৩ |
| সভার সময় | বেলা ১১.১৫টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ করেন । অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.০ | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ** : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, অক্টোবর, ২০২৩-এ অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | ১) কোন সংশোধনী প্রস্তাব না থাকায় অক্টোবর, ২০২৩ এর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। |

<table>
<tr>
<td>২.১</td>
<td>পদোন্নতি : সভাকে অবহিত করা হয়েছে, সুরক্ষা সেবা বিভাগে কর্মরত (১) জনাব আফরোজা আক্তার রিবা, (২) জনাব মোঃ কামরুজ্জামান, (৩) জনাব আশ্রাফ আহমেদ রাসেল, (৪) জনাব মোহাম্মদ কেয়ামউদ্দিন, (৫) জনাব মোঃ জামিরুল ইসলাম, (৬) জনাব প্রসূন কুমার চক্রবর্তী, উপসচিব পদে এবং (৭) মোহাম্মদ তোফায়েল আলম, সহকারী সচিব পদে পদোন্নতি পেয়েছেন। সভাপতি পদোন্নতিপ্রাপ্ত সকল কর্মকর্তাকে অভিনন্দন জ্ঞাপন করেন।<br><br>শোক প্রস্তাব : সভাকে অবহিত করা হয়েছে, বাংলাদেশ হাই কমিশন, যুক্তরাজ্যের প্রথম সচিব এ জেড এম শরীফের পিতা মোঃ সানোয়ার হোসেন ১১ নভেম্বর ২০২৩ তারিখে নিজ বাসভবন টাঙ্গাইলে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন। সভায় বিদেহী আত্মার মাফফিরাত কামনা করা হয় ও শোকসন্তপ্ত প্রতিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।</td>
<td>১) জনাব এ জেড এম শরীফ, প্রথম সচিব এর পিতার মৃত্যুতে তাঁর আত্মার মাগফিরাত ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করে শোক প্রস্তাব দিতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে অনুলিপি প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : প্রশাসন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়।</td>
</tr>
<tr>
<td>২.২</td>
<td>করোনা প্রতিরোধ ও ডেঙ্গারোগ প্রতিরোধ : সভাকে জানানো হয় এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে ১৭০১ জন কর্মচারী করোনাভাইরাসে আক্রান্ত হয়। ১৬৯৩ জন সুস্থ হয়েছে। ৮ জন কর্মচারী মৃত্যুবরণ করেছেন। বর্তমানে করোনাভাইরাসে আক্রান্ত কোন কর্মচারী নেই।<br><br>এ ছাড়া ডেঙ্গারোগ প্রতিরোধে কর্মস্থলের আশে পাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে।</td>
<td>১) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী কোভিড-১৯ ও ডেঙ্গু রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/ অধিদপ্তর প্রধান (সকল)</td>
</tr>
<tr>
<td>২.৩</td>
<td>সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে শূন্যপদ পূরণ : উপসচিব (প্রশাসন-৩ শাখা) সভাকে জানান, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা নিম্নরূপ :<br>কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্য পদ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>২৭৭</td><td>২০১</td><td>৭৬</td><td></td></tr>
<tr><td>২</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৩০৫৯</td><td>১৮৮০</td><td>১১৭৯</td><td></td></tr>
</table></td>
<td>১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;<br><br>২) বিপিএসসির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ দ্রুত পূরণের জন্য পিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ১৪৪৬৮ | ১৩৩৫৬ | ১১১২ | -- |
| ৪ | **কারা অধিদপ্তর** | ১২২৩৮ | ১০৮৪৯ | ১৩৮৯ | -- |
| ৫ | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** | ১৫৩০ | ১১৮৮ | ৩১৩ | পদোন্নতিজনিত কারণে সুপারিনটেনডেন্ট-৬, অবসরজনিত কারণে দপ্তরী-২২টি, ফরাস-১টি মোট ২৯টি পদ বিলুপ্ত । |
| মোট | | **৩১৫৭২** | **২৭৪৭৪** | **৪০৬৯** | |

**শূন্যপদের বিন্যাস :**

| **মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদ সংখ্যা)** | **১ম-৯ম গ্রেড** | **১০ম গ্রেড** | **১১-১৬ গ্রেড** | **১৭-২০ গ্রেড** | **মোট** |
|---|---|---|---|---|---|
| **সুরক্ষা সেবা বিভাগ** | ২৬ | ৭ | ২৪ | ১৯ | ৭৬ |
| **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** | ৭৩ | ১৪০ | ৬৬ | ৩৪ | ৩১৩ |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | ১৯৭ | ১৪৪ | ৭৪৩ | ৯৫ | ১১৭৯ |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ৯ | ৭ | ৫৮৪ | ৫১২ | ১১১২ |
| **কারা অধিদপ্তর** | ৪৬ | ৭৫ | ৪৮৫ | ৭৮৩ | ১৩৮৯ |
| **মোট=** | **৩৫১** | **৩৭৩** | **১৯০২** | **১৪৪৩** | **৪০৬৯** |

**ক) সুরক্ষা সেবা বিভাগ :** যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান বিপিএসসি হতে এ বিভাগে ২ (দুই) জন প্রশাসনিক কর্মকর্তা মনোনয়ন দেওয়া হয়েছে। তাদের পুলিশ ভেরিফেকেশন ও স্বাস্থ্য পরীক্ষার কাজ চলমান রয়েছে।

**খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : ১ম-৯ম গ্রেড :** মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানান, বিপিএসসি হতে ১৮ জন সহকারী পরিচালক এর পদ, ৯ জন রিহেবিলিটেশন অফিসারের পদ, ৮ জন সহকারী রাসায়নিক পরীক্ষকের পদ, ৮ জন সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কারের পদ, ২ জন হিসাবরক্ষকের পদ এবং ১ জন আইন কর্মকর্তার মোট ৭ ক্যাটাগরির ৪৬ জনকে ১-৯ম গ্রেডে নিয়োগের সুপারিশ করা হয়েছে।

তাছিাড়া, প্রসিকিউটর পদে ২৫ জন, কাউন্সিলর পদে ১৫ জন পদ এবং মেট্রোন (জুনিয়র) পদে ১ জনসহ ৪১ জনকে নন-ক্যাডার হতে সুপারিশ করা হয়েছে।

| | | |
|---|---|---|
| | অন্যদিকে, ল্যাব সহকারী পদে ১৫ জনকে নিয়োগের লক্ষ্যে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ০২ নভেম্বর, ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে। সিপাই'র ৩১৩টি পদে নিয়োগের লক্ষ্যে ০৭ নভেম্বর ২০২৩ হতে শারীরিক পরীক্ষার দিন ধার্য আছে।<br><br>**১৮-২০ গ্রেড :** ল্যাব সহকারী'র ১৮টি পদে নিয়োগ কার্যক্রম চলমান আছে।<br><br>**গ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** ডিআইপি প্রতিনিধি, সভাকে জানান, ২-৯ম গ্রেডে ৭৩টি শূন্যপদের বিপরীতে ৪৪টি পদে পরিচালকের ১টি পদে, প্রোগ্রামারের-১টি, অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৬টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-৩টিসহ ১০টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : এফএসসিডি'র প্রতিনিধি সভাকে জানান, ১০ম ও তদুর্দ্ধ গ্রেডের** : পিএসসি'তে ২৪১টি (স্টাফ অফিসার-১৭, স্টেশন অফিসার-২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন। অন্যদিকে, ১৫ জন মহিলা ফায়ার ফাইটার নিয়োগ দেওয়া হয়েছে।<br><br>**ঙ) কারা অধিদপ্তর :** কারা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান, ১১-১৬ গ্রেডের ১৩৯টি এবং ১৭-২০ গ্রেডের ৫০টি পদের নিয়োগবিধি/বেতন স্কেল এখনো নির্ধারিত হয়নি। বর্ণিত পদসমূহের জন্য দ্রুত নিয়োগবিধি/বেতন স্কেল নির্ধারণ করা দরকার। | |

| | | |
|---|---|---|
| ২.৪ | **জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান,** জেলাপ্রশাসক সম্মেলন-২০২৩ এ বিভাগ সংশ্লিষ্ট ১১টি সিদ্ধান্ত রয়েছে। এর মধ্যে ১টি নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ, ২টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৩টি কারা অধিদপ্তর এবং ৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট।<br><br>জেলাপ্রশাসক সম্মেলন, ২০১৮-২০২২ এ বিভাগ সংশ্লিষ্ট ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে। এর মধ্যে ১টি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, এবং ২টি কারা অধিদপ্তর সংশ্লিষ্ট। সভায় জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমুহ নির্ধারিত সময়ে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। | ১) জেলা প্রশাসক সম্মেলন, ২০১৮-২০২৩ এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;<br><br>২)আগামী ২০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে জেলখানার অভ্যন্তরে মাদক নিরাময় কেন্দ্র চালুর বিষয়ে অধিদপ্তর প্রধানকে পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে সে বিষয়ে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর কর্তৃক লিখিত প্রতিবেদন আগামী ৩০ নভেম্বর ২০২৩ এর মধ্যে দাখিল করবেন;<br><br>৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তরের যৌথ উদ্যোগে মাদকসেবী কয়েদিদের জন্য জেলখানার অভ্যন্তরে পৃথক ওয়ার্ড চালুর ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>**বাস্তবায়নকারী: অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |

| | | |
|---|---|---|
| ২.৫ | **ই-টেন্ডারিং : ডিআইপি :** ২০২৩-২০২৪ অর্থবছরে অক্টোবর, ২০২৩ এ ই-জিপিতে ২টি পণ্যের টেন্ডার আহ্বান করা হয়েছে। এর মধ্যে ১৫টি কম্পিউটার সার্ভার ক্রয় সংক্রান্ত ১টি এবং ৫৬টি আইপি বেইজড ক্যামেরা ক্রয় সংক্রান্ত ১টি ।<br><br>**ডিএনসি :** অক্টোবর, ২০২৩ এ কোন টেন্ডার আহ্বান করা হয়নি।<br><br>**এফএসসিডি :** টিসি কমবেট কাপড়, ডীপ সাইন, ডিএমএস বুট, পিটি স্যু,স্টিল ট্রাংক, হ্যাগিং ব্যাজ (জীপ সাইন) , Rescue Badge and Rang Badge Cloth (As per Designation) ই-জিপি পদ্ধতিতে সংগ্রহের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। ৪টি লটে ৪৪ প্রকার মনিহারী সামগ্রী ই-জিপি পদ্ধতিতে সংগ্রহের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে । অপরদিকে, খুচরা যন্ত্রংশ সংগ্রহের জন্য ২টি দরপত্র আহব্বান করা হয়েছে ।<br><br>**প্রিজন :** (কেন্দ্রীয়ভাবে) অক্টোবর, ২০২৩ পর্যন্ত ২১টি প্যাকেজের দরপত্র ই-জিপি'র মাধ্যমে আহ্বান করা হয়েছে। তন্মধ্যে অক্টোবর, ২০২৩ এ ৪টি। ৪টি প্যাকেজই লাইভে রয়েছে। | ১) পিপিআর ২০০৮ এর পিপিপি ২০০৬ যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>২) সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং ক্রয় কার্যে অংশগ্রহণে ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.৬ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** সভাকে জানানো হয়, বিবেচ্য বছরে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সূচক ১৭টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সূচক-২৭টি, কারা অধিদপ্তরের সূচক ২২টি এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সূচক ৩০টিসহ মোট ৯৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। APA টিম লিডার জানান এগুলোর বাস্তবায়ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে যথারীতি বাস্তবায়ন অগ্রগতির সভা করা এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। | ১)সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর সংশ্লিষ্ট সূচকসমূহ অর্জনে প্রতিমাসে অধিদপ্তর প্রধানগণ সভা করবেন।<br><br>২) সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম লিডার প্রতিমাসে অধিদপ্তরের ফোকাল পয়েন্ট-দের নিয়ে সভা করবেন এবং কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করবেন;<br><br>৩) এপিএ সূচক বাস্তবায়নের অগ্রগতি ফোকল পয়েন্ট কর্তৃক প্রতিমাসের ০৭ (সাত) তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৩ শাখায় প্রেরণ করবেন।<br><br>**বাস্তবায়নকারী : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.৭ | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন** : সভায় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য প্রাতিষ্ঠানিক সূচক ৬টি, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সূচক ৫টি সূচকগুলো বাস্তবায়নে কোন সমস্যা নেই বলে তিনি সভাকে জানান। | ১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে;<br><br>২) ফোকাল কর্মকর্তা সূচক বাস্তবায়নের অগ্রগতি প্রতিমাসের ০৩ (তিন) তারিখের মধ্যে লিখিতভাবে সফটকপি এবং হার্ডকপি ই-নথিতে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করবেন।<br>**বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |

| | | |
|---|---|---|
| ২.৮ | **অডিট আপত্তি :** সভায় উপসচিব (বাজেট-২) কর্তৃক সভাকে জানানো হয় এ বিভাগের আওতাধীন অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**ডিআইপি :** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে ৪৩টি এবং আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে ২১টি পেন্ডিং রয়েছে।<br><br>**প্রিজন :** কারা অধিদপ্তরে পেন্ডিং ১৪৪টি আপত্তির মধ্যে ১০৬টি আপত্তির জবাব পূর্বে বিভিন্ন স্মারকে মন্ত্রণালয়/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল যা সংশোধনপূর্বক পুনঃ প্রেরণের জন্য মতামত আকারে পাওয়া গেছে। সেগুলোসহ অবশিষ্ট পূর্বের ০৯টি এবং নতুন ২৯টিসহ মোট ৩৮টি আপত্তির কার্যক্রম সংশ্লিষ্ট দপ্তর/কারাগারে চলমান রয়েছে।<br>সুরক্ষা সেবা বিভাগের বাজেট-২ শাখায় ৫টি অডিট আপত্তি ত্রিপক্ষীয় সভার জন্য পেন্ডিং আছে।<br><br>**এফএসসিডি :** ২০১৭-১৮ অর্থ বছরের ১২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>২০১৮-১৯ অর্থ বছরের ১৩টি অডিট আপত্তির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>২০২০-২১ অর্থবছরের ১৭টি অডিট আপত্তির মধ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রেরিত ৮টি Non Serious Financial Irregularities (NSFI) এর মধ্যে ৫টি এবং (SFI) ৯টির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। বাকি ৯টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>**ডিএনসি :** ১২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। | ১) যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সে আপত্তিগুলোর ব্রডশিট জবাব জরুরিভিত্তিতে প্রদান করতে হবে;<br><br>২) দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities (SFI) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.৯ | **পেনশন :** সভাকে জানানো হয়, ফায়ার | ১) এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় |

সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ২টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পেনশন কেস ২টি আদালতে মামলা থাকার কারণে নিষ্পত্তি হচ্ছে না।

একই সাথে কারা অধিদপ্তরের ১টি পেনশন কেসও মামলা সংক্রান্ত জটিলতার কারণে নিষ্পত্তি করা যাচ্ছে না।

| **অধিদপ্তর** | **পূর্বের অনিষ্পন্ন পেনশনের সংখ্যা** | **বিবেচ্য মাসে পেনশনের সংখ্যা** | **মোট অনিষ্পন্ন পেনশনের সংখ্যা** | **বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত পেনশনের সংখ্যা** | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|
| **ডিআইপি** | ০ | ০ | ০ | ০ | -- |
| **ডিএনসি** | ০ | ০ | ০ | ০ | -- |
| **এফএসসিডি** | ২ | ০ | ২ | ০ | প্রতিবেদনাধীন মাসে ৬টি পেনশন কেস পাওয়া যায়, যা যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। আদালতে মামলা থাকার কারণে ২টি পেনশন কেস অনিষ্পন্ন আছে। |

পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **প্রিজন** | ০ | ১ | ১ | ০ | সিনিয়র সহকারী জজ আদালত, সিলেট এ স্বত্ব মোকদ্দমা নং ১৮৩৭/২০২২ বিচারাধীন রয়েছে। ২৯ নভেম্বর ২০২৩ তারিখ জবাব দাখিলের জন্য ধার্য রয়েছে। |
| **মোট** | ২ | ১ | ৩ | ৩ | -- |

| | | |
|---|---|---|
| ২.১০ | **জেলা পরিদর্শন :** সভাকে জানানো হয় বিবেচ্য সময়ে এ বিভাগের ২ জন এবং আওতাধীন অধিদপ্তরসমূহের মধ্যে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৫ জন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২জন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৪ জন কারা অধিদপ্তরের ২জন কর্মকর্তা জেলা পরিদর্শন করেন। জনাব সেখ ফরিদ আহমেদ, উপসচিব এবং জনাব মোঃ আলীমুন রাজীব, উপসচিব জেলা পরিদর্শন করেন। বর্ণিত কর্মকর্তাগণ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের নিজস্ব ভবন নির্মাণের উপর গুরুত্বারোপ করেন। জনাব সেখ ফরিদ আহমেদ, উপসচিব, চাঁপাইনবাবগঞ্জ ফায়ার স্টেশনকে ২য় শ্রেণি থেকে ১ম শ্রেণিতে উন্নীত করার প্রস্তাব করেন। এছাড়া তিনি শিবগঞ্জ ফায়ার স্টেশনকে ৩য় শ্রেণি থেকে ২য় শ্রেণিতে উন্নীত করার প্রস্তাব করেন। | ১)প্রতিমাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২)কর্মকর্তাগণ পরিদর্শনকালে আওতাধীন সকল দপ্তর অত্যন্ত নিখুঁতভাবে পরিদর্শন করবেন এবং পরিদর্শন শেষে ৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর উপস্থাপন করবেন।<br><br>৩)পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)।** |
| ২.১১ | **অনিষ্পন্ন বিষয়াদি :** সভাকে জানানো হয়, অনিষ্পন্ন বিষয়াদি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.১২ | **প্রশিক্ষণ** : সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়ে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মচারীগণের চাহিদা মোতাবেক Need Based প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। | ১)জনপ্রশাসন মন্ত্রণালয় প্রদত্ত বর্ষপুঞ্জি এবং প্রয়োজনীয় অন্যান্য প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৩ | **ওয়েবসাইট হালনাগাদকরণ** : সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমুহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। বিভিন্ন দপ্তর কর্তৃক জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড/আপডেট করা হয়। | ১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের ওয়েবসাইট তথ্য আপডেট ও আপলোড যথাযথভাবে হালনাগাদ রাখতে হবে;<br><br>২) এ বিভাগের সিস্টেম এনালিস্টকে ওয়েবসাইটে তথ্য যথাসময়ে আপলোড ও আপডেট অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৪ | **ই-নথি** : সভায় ই-নথির মাধ্যমে পত্র নিস্পত্তির কার্যক্রম বিষয়ে বিশদ আলোচনা করা হয়। সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে নভেম্বর ২০২৩ বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ই-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে। অক্টোবর, ২০২৩ এ সুরক্ষা সেবা বিভাগে ৯০.৫০%, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ৯০.৩৪%, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে ৯০.০৬%, , মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ৮৮.৬৭%, কারা অধিদপ্তরে ৯৫.৭৮% নথি ই-নথিতে নিষ্পত্তি করা হয়েছে । | ১) ই-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি অব্যাহত রাখতে হবে;<br><br>২) ই-নথির নিষ্পত্তির হার কোনভাবেই এপিএ-এর লক্ষ্যমাত্রার নীচে না আসে সেদিকে সতর্ক থাকতে হবে;<br><br>৩) পরবর্তী সমন্বয়সভার পূর্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরেরর ই-নথির অগ্রগতি ন্যূনতম ৯০% এ উন্নীত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**<br>নথি |

<table>
<tr>
<td>২.১৫</td>
<td>ইনোভেশন : সভাকে জানানো হয় এ বিভাগে ও আওতাধীন অধিদপ্তরসমূহে নিম্নরূপ উদ্ভাবনী ধারণা উপস্থাপন করা হয় :<br><br>
<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ/ অধিদপ্তর</th><th>উদ্ভাবনী</th></tr>
<tr><td>১</td><td>এসএসডি</td><td>Prison Inmate Databas System করে দিবসে বন্দি মুক্তির সুপারিশ প্রণয়ন</td></tr>
<tr><td>২</td><td>প্রিজন</td><td>Digital Store Management System</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>Fire and Rescue Apps</td></tr>
<tr><td>৪</td><td>ডিএনসি</td><td>শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ</td></tr>
<tr><td>৫</td><td>ডিআইপি</td><td>Visa Application Tracking Management Software</td></tr>
</table>
</td>
<td>১) ইনোভেশন-এ বর্ণিত সূচকের মান অর্জনে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে অগ্রগতি পর্যালোচনাপূর্বক পরবর্তী করণীয় নির্ধারণে নির্ধারিত সময় অন্তর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : চীফ ইনোভেশন অফিসার ও এ বিভাগের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।</td>
</tr>
<tr>
<td>২.১৬</td>
<td>ভিডিও কনফারেন্স : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল সভায় জানান বিবেচ্য মাসে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে মোট ১৮টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে।</td>
<td>১) এ বিভাগের অধীন অধিদপ্তর/ জেলা/বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.১৭ | **বিভাগীয় ও দেওয়ানী মামলা :** ১) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে নভেম্বর ২০২৩ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৪৭০টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৩৩টি, মোট মামলার সংখ্যা ৫০৩টি। এর মধ্যে ৫৩টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৪৫০টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>২) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে বিভাগীয় আপিল মামলার সংখ্যা ৮টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ০টি, মোট আপিল মামলার সংখ্যা ৮টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ০টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ৮টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এএটি/এটি মামলার সংখ্যা এটি-১২৪টি ও এএটি-৫৫টি।<br><br>৩) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৬০টি, রিট-৩১১টি, সিভিল রিভিশন-১১টি, মামলা নিষ্পত্তির কোন অগ্রগতি নেই। | ১) চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br><br>২) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;<br><br>৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপরতা অব্যাহত রাখতে হবে;<br><br>৪) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের মামলা কার্যতালিকায় (কজলিস্ট) অন্তর্ভুক্ত করার বিষয়ে এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অধিদপ্তরের প্যানেল আইনজীবীকে সর্বদা তৎপর থাকতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৮ | **বিবিধ** : সভাকে জানানো হয়, এ বিভাগে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতকরণে শাখা/অধিশাখা/অধিদপ্তর হতে যথাসময়ে তথ্য পাওয়া যায় না। যে কারণে সঠিক সময়ে কার্যপত্র প্রস্তুত করে সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট প্রেরণ করতে বিলম্ব হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১) প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে গত মাসের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ কোন আলোচ্যসূচি থাকলে সফটকপি (পিডিএফ ও ওয়ার্ড ফরম্যাটে)-এ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে;<br><br>২) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন কোন দপ্তর হতে কত তারিখে প্রেরণ করা হয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.৪০৯

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০
২৯ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়



মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব